গাংনীর হাড়িয়াদহ গ্রামে ১৭ দিনে ৫ টি গরু চুরি

প্রবাস জীবনও তার ভাগ্য বদলাতে পারেনি। জীবনের ভাগ্যের চাকা ঘোরাতেই গেছিলেন ইরাকে। সেখানে গিয়ে মৃত্যুর মুখে পড়েন তিনি। অবশেষে দেশে ফিরেছেন শুণ্য হাতে। অবশেষে এনজিও থেকে ঋণ নিয়ে ভ্যান কিনেই এখন ঘোরাচ্ছেন জীবনের চাকা।

ভ্যান চালানোর পাশাপাশি সংসারের স্বচ্ছলতা ফেরাতে ধার দেনা ও ঋণ নিয়ে দুটো গরু কিনেছিলেন তিনি। বিধিবাম সেখানেও চোরের হানা। এখন ভেঙ্গে গেছে দরিদ্র ভ্যান চালক কামালের সেই স্বপ্ন। ২ টি গরু হারিয়ে কামাল হোসেন এখন পাগল প্রায়।

কামাল হোসেন গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের উত্তরপাড়া এলাবার নুরুন্নবীর ছেলে। গত শনিবার দিবাগত রাতের কোনো এক সময় তার গোয়াল ঘর থেকে গরু চুরি করে নিয়ে যায় চোরের দল।

কামাল হোসেন জানান, ধার দেনা ও এনজিও থেকে ঋণ নিয়ে ২টি এঁড়ে গরু কিনেছিলাম। সংসারের স্বচ্ছলতা ফেরাতে প্রতিদিনই হাড়ভাঙ্গা পরিশ্রম করেও গরু দুটিকে যত্ন করতাম। গরু দুটি নিয়েই সংসারের স্বচ্ছলতার স্বপ্ন ছিল আমার। কিন্তু আর হলোনা। আমার ভাগ্যই খারাপ। তিনি বলেন, রাতে ঘুমিয়ে ছিলেন।

রাত আনুমানিক ৩টার দিকে গোয়াল ঘরে গিয়ে দেখি গরু দুটি নেই। চোরের দল চুরি করে নিয়ে গেছে। তিনি বলেন আমার বড় ভাই মাংস বিক্রেতা জামাল হোসেনের দুটি গরুও চোরের দল নিয়ে গেছিল। কিন্তু ফঁসকে বের হয়ে গরু দুটি পালিয়ে এসেছে।

স্থানীয় সাংবাদিক সাহাজুল ইসলাম সাজু জানান, এই গ্রামে গত ১৭ দিনে ৫ টি গরু চুরি হয়েছে। এর আগে গ্রামের ভ্যান চালক আকছেদ আলীর ২টি ও ব্যবসায়ি আব্দুর রশীদের ১টি গরু চুরি হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গরু চুরির বিষয়ে কেউ অভিযোগ দেইনি। পুলিশ প্রতি রাতেই বিভিন্ন এলাকায় ডিউটি পালন করে থাকেন। হাড়িয়াদহ গ্রামেও ডিউটির ব্যবস্থা করা হবে। এছাড়া গরু চোর ধরতে এলাকায় খোঁজ খবর নেওয়া হচ্ছে।

জীবননগরে মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে র্যালী ও আলোচনা

নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ এ স্লোগানে জীবননগরে শুরু হয়েছে জাতীয় মৎস্য সপ্তাহ। মৎস্য সপ্তাহ উপলক্ষে জীবননগরে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

রোববার সকালে মৎস্য সপ্তাহের এ কর্মসূচি পালন করা হয় মৎস্য সপ্তাহ উপলক্ষে গতকাল রোববার সকালে জীবননগর উপজেলা পরিষদ চত্বর থেকেএকটি র্যালী বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলার সিনিয়র মৎস্য কমকতা মোঃ দীন ইসলামের সভাপতিত্বে র্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী প্রমুখ।

জীবননগরে অটো মিলের পুরাতন বয়লার বিস্ফোরণ, শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার জীবননগরে মা-বাবা অটো রাইচ মিলের পুরাতন ও নিন্মমানের বয়লার বিস্ফোরণে ফয়সাল হোসেন নামে (২২) এক শ্রমিক নিহত হয়েছেন।

রোববার বেলা পৌনে ১২ টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পিয়ারাতলা নামক স্থানে মেসার্স মা-বাবা এগ্রো ফুডে এ

ঘটনা ঘটেছে।

নিহত ফয়সাল হোসেন জীবননগর পৌর সভার ৫নং ওয়ার্ড লক্ষীপুর গ্রামের কামাল হোসেনের ছেলে এবং মা-বাবা এগ্রো ফুডের শ্রমিক।

প্রত্যক্ষদর্শী মো. রাকিব হাসান জানান, ফয়সাল হোসেন, রোববার বেলা পৌনে ১২ টার সময় মা-বাবা এগ্রো ফুডের পুরাতন একটি বয়লারে মেরামতের কাজ করছিলেন। হঠাৎ করেই বিকট শব্দে বয়লারটি বিস্ফোরিত হয়। বিস্ফোরিত বয়লারের আঘাতে ফয়সাল হোসেনের ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল খালেক জানান, জীবননগর উপজেলার পিয়ারাতলা গ্রামে বয়লার বিস্ফোরণে ফয়সাল নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। অভিযোগ না থাকায় পরিবারের সদস্যদের আবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে গেটের সানসেটের উপর ফুলের চারা লাগাতে গিয়ে পড়ে শিশুর মৃত্যু

নানা বাড়িতে বেড়াতে গিয়ে বাড়ির গেটের সানসেট (প্রাচীর) থেকে পড়ে সুমাইয়া খাতুন (৬) নামের এক শিশু নিহত হয়েছে।

আজ রবিবার (২৪ জুলাই)বিকেল ৪ টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত শিশু সুমাইয়া গাংনী উপজেলার করমদী গ্রামের পশ্চিম পাড়া এলাকার দীন ইসলামের মেয়ে ও স্থানীয় একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, শিশু সুমাইয়া তার নানার বাড়ির গেটের সানসেটের উপর ফুলের চারা রোপন করছিল। হঠাৎ সে অসাবধানবশত সানসেট

থেকে পড়ে গুরুতর আহত হয়। পরে তাকে উদ্ধার করে গাংনেীউপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্তকরণ

“নিরাপদ মাছে ভরবো দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ”এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে পাঁচটার দিকে পন্টের ঘাট ভৈরব নদীতে ৩৫ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান উপস্থিত থেকে নিচ হাতে মাছের পোনা অবমুক্ত করেন।
এসময় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধ মোহাম্মদ মোজাহিদুল ইসলাম,মৎস্য সম্পর্কিত জেলা কমিটির প্রতিনিধি ও পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল,জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, সহকারী মৎস্য কর্মকর্তা জাকির হোসেন, জেলা মৎস্য খামার ব্যবস্থাপক ইকবাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে মামলা তুলে না নেয়ায়

হুমকী

মামলা তুলে না নেয়ায় বড়ভাই আব্দুল ওহাবকে হত্যার হুমকী প্রদান করে তাকে এক রকম গৃহবন্দী করে রেখেছে ছোটভাই মিনারুল ইসলাম। পারিবারিক কলহের জের ধরে বড়ভাই আব্দুল ওহাবকে কুপিয়ে জখম করলে আব্দুল ওহাব গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। এ মামলা তুলে নিতে অব্যাহত চাপ দিচ্ছে মিনারুল। এমনই অভিযোগ করেছেন আব্দুল ওহাব। ঘটনাটি ঘটেছে গাংনীর হেমায়েতপুর গ্রামে। ওহাব ও মিনারুল ওই গ্রামের বুদুই বিশ্বাসের ছেলে।

আব্দুল ওহাব জানান, পারিবারিক কলহের জের ধরে গত ২৪/০৬/২২ ইং তারিখে ধারালো অস্ত্র দিয়ে প্রকাশ্যে কুপিয়ে জখম করে। স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়। এঘটনায় গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের প্রেক্ষিতে স্থানীয় হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা মিনারুলকে আটকের জন্য বাড়িতে অভিযান চালায়। এসময় মিনারুলকে না পেলেও তার বাড়ি থেকে ৫টি গাঁজার গাছ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় মিনারুলের বিরুদ্ধে গাংনী থানায় আরো একটি মামলা হয়।

আব্দুল ওহাব আরো জানান, মামলা করার পর আরো বেপরোয়া হয়ে উঠে মিনারুল। এ মামলা তুলে নেয়ার জন্য অব্যাহত হুমকী প্রদান করছে। ইতোমধ্যে এক বিঘা মরিচ ক্ষেতসহ পাট ক্ষেত কেটে দিয়েছে। ভায়ের হত্যার হুমকীতে মাঠের ফসল ঘরে তুলতে পারছেন না বলে জানান তিনি। একই সাথে পুলিশ বাহিনীর কাছে অনুরোধ জানিয়েছেন মিনারুলকে গ্রেপ্তারের জন্য।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, মিনারুলকে গ্রেপ্তারের জন্য চেষ্টা চলছে। অনতি বিলম্বে গ্রেপ্তার করা হবে।

গাংনীর ভোলাডাঙ্গা গ্রামে

বৃদ্ধের বাড়ি ভাংচুর ও জমি দখলের অভিযোগ

জীবন হারানোর ভয়ে ঘর ছেড়ে এক সপ্তাহ পালিয়ে বেড়াচ্ছেন গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামের দিনমজুর বৃদ্ধ আবুল কাশেম।

তার একমাত্র বসত ঘর ও আসবাপত্র ভাংচুর করেছে ইসমাইল হোসেন ও তার লোকজন। ভাত ও তরকারি রান্নার হাড়িও রক্ষা পাইনি হামলাকারিদের হাত থেকে। ইসমাইল হোসেনের লোকজন জোরপুর্বক জমিদখল করাকে কেন্দ্র করে এমন হামলা চালিয়েছে বলে অভিযোগ ভুক্তভোগী পরিবারের। এতে দু’পক্ষের হামলায় ৬জন আহত হয়ে চিকিৎসাধীন রয়েছেন। বৃদ্ধ আবুল কাশেমের দিন কাটছে আতংক আর হতাশা নিয়ে। পুলিশের সহায়তা চেয়ে কাংখিত সুরাহা পাচ্ছেন না অভিযোগ করেন কাশেম। প্রশাসনের হস্তক্ষেপ চান স্থানীয়রাও।

জানাগেছে,ভোলাডাঙ্গা গ্রামের দিনমজুর আবুল কাশেম ৩০ বছর আগে স্থানীয় মৃত বাদশা মলিথার তিন ছেলে আক্তার, রবিউল হক ও হাসানের কাছ থেকে ১২ কাঠা জমি ক্রয় করে বসবাস করছেন। উক্ত জমি বাদশা মালিথার বড় ছেলে ইসমাইল হোসেন তার দাবী করে জবর দখল করার চেষ্টা করে। এতে আবুল কাশেম ও তার ছেলে বাধা দিলে তাদের মারধর করে এবং বাড়িঘর ও আসবাপত্র ভাংচুর করে। ইসমাইল ও তার লোকজনের হামলায় ছোট ভাই আক্তার, রবিউল হক ও হাসানকে রামদা দিয়ে কুপিয়ে জখম করে। আহতরা কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এসময় সংঘর্ষে ইসমাইলের দুই ছেলে তারেক আহাম্মেদ ও মশিউর রহমান আহত হয়। ইসমাইল ও তার দুই ছেলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন।

সরেজমিনে ভোলাডাঙ্গা গ্রামে দেখা গেছে, আবুল কাশেমের টিনের বেড়া দেয়া একটি ছোট্র ঝুপড়ি ঘর। সেই ঘরেই স্ত্রী সন্তান নিয়ে তার বসবাস। বয়সের ভারে নুইয়েপড়া আবুল কাশেম কাজে কর্মে অকর্মা। কেউ তাকে কাজেও নিতে চাইনা। কোন রকমে সংসার চালে তাদের। একমাত্র বসত বাড়িটিকে রামদা দিয়ে কুপিয়ে টিন গুলো ফুটো ফুটো করা হয়েছে। ঘরের মধ্যেকার আসবাপত্র ভাংচুর করা হয়েছে। ভাত ও তরকারির হাড়িপাতিলও ভেঙ্গে দুমড়ে মুচড়ে দিয়েছে হামলা কারিরা। গত বৃহস্পতিবার দুপুরের দিকে এমন ঘটনা ঘটে।

আবুল কাশেম জানান, আমি ৩০ বছর আগে উপজেলার হোগল বাড়িয়া গ্রাম

থেকে উঠে এসে ভোলাডাঙ্গা গ্রামে বসবাস করছি। এ গ্রামে আমার আপন বলতে কেউ নেই। ইসমাইলের তিন ভাইয়ের সাথে জমি কিনেছি। ৩০ বছর পর ইসমাইল আমার বাড়ি জোর দখল করে নিতে চাই। আমরা বাধা দিতে গেলে আমাদের মারধর করে বাড়িঘর ভাংচুর করে । তার অন্যায় কাজকে বাধা দেয় তার আপন তিন ভাই। তাদেরকেউ মারধর করে রক্তাক্ত জখম করে। আমাকেও মেরে ফেলার হুমকি দিয়েছে। আমি এখন জীবনের ভয়ে পালিয়ে বেড়াচ্ছি। ঘরে ফিরতে পারছিনা। এবিষয়ে পুলিশের কাছে অভিযোগ করেছি। পুলিশ এপর্যন্ত কোন ব্যবস্থা নেইনি বলেও জানান আবুল কাশেম।

নাম প্রকাশে অনিচ্ছুক গ্রাম বাসিদের অনেকেই ইসমাইল সম্পর্কে বলতে ভয়ে কেঁপে ওঠেন। তারা জানান, ইসমাইল খুবই দুর্ধর্ষ প্রকৃতির । গ্রামে ফ্যাসাদ সৃষ্টি করাই তার কাজ। ইসমাইলের ভয়ে গ্রামের কেউ মুখ খুলতে সাহস করেনা। মামলাবাজ ইসমাইল হিসেবেও জানেন অনেকে।

ইসমাইল হোসেনের সাথে কথা হলে তিনি জানান, সামাজিক কাজ করতে হলে পক্ষ বিপক্ষ থাকবেই। আমি আমার শরিকানা জমি দখল করতে গিয়েছিলাম। ভাইয়েদের সাথে মারামারি হয়েছে। এতে আমি ও আমার ছেলে দুজনেই আহত হয়ে হাসপাতালে ভর্তি আছে।

হেমায়েতপুর ক্যাম্পের ইনচার্জ মাহাবুব জানান, এবিষয়ে ইসমাইলকে দোষরোপ করছেন এলাকাবাসী। তবে আবুল কাশেম থানায় অভিযোগ করেছেন। বিষয়টি থানা থেকে নির্দেশনা পেলে আমি দেখবো।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান,আবুল কাশেম নামের এক ব্যাক্তির অভিযোগ পেয়েছি,বিষয়টি গুরুত্বের সাথে দেখা হচ্ছে।

কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্ভোধন

দেশ স্বাধীন হয়েছিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৃঢ়তার জন্য,আর আজ দেশে পদ্মা সেতু নির্মিত হয়েছে প্রধান মন্ত্রী শেখ হাসিনার দৃঢ়তায়। রবিবার দুপুরে কোটচাঁদপুর জাতীয় মৎস্য সপ্তাহের উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা

বলেন,ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগ সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি, কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মোহাইমিনুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা সদস্য চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,পৌর আওয়ামী লীগের সাবেক আহবায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক উপজেলা মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর।

এ ছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান বাবলু, লুৎফর রহমান, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা চম্পা অধিকারী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার। এছাড়া বক্তব্য রাখেন রাইয়ান জৈব কৃষি প্রকল্পের পরিচালক ড.নজরুল ইসলাম, সঞ্চালনায় ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। পরে বিভিন্ন ক্যাটাগরিতে অবদান রাখায় সম্মান সূচক পুরস্কার তুলে দেয়া হয়। এর আগে কপোত্যক্ষ নদে মাছের পোনা অবমুক্ত করেন তিনি।

মেহেরপুরে নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হলো জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২

‘ ‘নিরাপদ মাছে ভরবো দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ’’ এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মেহেরপুরে নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হলো জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২। দিবসটি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালী, উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা, পুরস্কার বিতরণী, পোনা মাছ অবমুক্তকরণ ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

[redacted]

[redacted]